

কিছু শব্দ

কিছু শব্দ গোপন রাখি কিছু শব্দ মায়ায়  
কিছু শব্দ ধানের মাঠে শিশির ভেজা হাওয়ায়  
রাত্রিদিনে সংগোপনে কিছু শব্দ স্নোতক্ষিনী  
লজ্জাহীনার গল্প হয়ে ছড়িয়ে পড়ে হাওয়ায়

কিছু শব্দ মেহেদী বেড়া কিছু শব্দ ব্যক্তি পরিচয়ে  
কিছু শব্দ দিগ্বিদিকের কিছু শব্দ জড়িয়ে থাকে ক্ষয়ে  
ভয়ের ভিতর নতজানু মিলিয়ে থাকে গভীর রসায়নে  
কিছু শব্দ কুয়াশাময় লুকিয়ে পড়ে কমলালেবুর বনে

কিছু শব্দ সোনালি পাড় জরির শাড়ি কিছু শব্দ রাঙা  
কিছু শব্দ হলুদ পাতা কিছু শব্দ রাতের ভুবনডাঙা  
পার হয়ে যায় তিলবর্ণ মেঘের সাথে সাথে  
কিছু শব্দ উষণ থাকে মৌলি ধানের ভাতে

কিছু শব্দ গোপন রাখি কিছু শব্দ মায়ায়  
কিছু শব্দ প্রবেশ মাত্র কিছু শব্দ হারায় ॥

সোমনাথচট্টোপাধ্যায়

